সমকাল

তারিখ 27 JUN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# শিক্ষা প্রতিষ্ঠানে মনোবিজ্ঞানী নিয়োগ হচ্ছে
## — শিক্ষামন্ত্রী

সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কিশোর-কিশোরী শিক্ষার্থীদের বয়ঃসন্ধিকালীন প্রয়োজনীয় পরামর্শ দিতে, শিক্ষাপ্রতিষ্ঠানে মনোবিজ্ঞানী নিয়োগের চিন্তাভাবনা করা হচ্ছে। প্রয়োজনীয়সংখ্যক পেশাদার মনোবিজ্ঞানী না পাওয়া পর্যন্ত একজন শিক্ষককে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ দিয়ে এ দায়িত্ব দেওয়া হবে।

গতকাল রোববার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে কিশোর-কিশোরী শিক্ষার্থীদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতাবিষয়ক 'জেনারেশন ব্রেক থ্রু প্রকল্পের' এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। এ সময় শিক্ষামন্ত্রী শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি শারীরিক ও মানসিক সুষ্ঠু বিকাশের প্রতি যথাযথ নজর দিতে শিক্ষক, অভিভাবকসহ সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

প্রকল্পভুক্ত ঢাকা মহানগর, বরিশাল মহানগর, পটুয়াখালী ও বরগুনা জেলার ৩০০ স্কুলের প্রধান শিক্ষক এবং ৫০টি মাদ্রাসার সুপারিনটেনডেন্টদের অংশগ্রহণে প্রকল্পের কার্যক্রম অবহিতকরণ কর্মশালার উদ্বোধন উপলক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশে ডাচ চার্জ দ্য অ্যাফেয়ার্স মার্টিন ভন হগস্ট্রাটেন, জাতিসংঘ সংস্থা ইউএনএফপিএর প্রতিনিধি আর্জেনটিনা মেটাবেল পিচচিন এবং প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনও বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বিগত কয়েক বছরে নারীশিক্ষা প্রসারে সরকারের বিভিন্ন কর্মসূচির ফলে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় ছাত্রীর সংখ্যা ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রীদের অনুকূল পরিবেশ নিশ্চিত করতেও উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, শিক্ষার্থীদের লেখাপড়ার একঘেয়েমি কাটানোর পাশাপাশি তাদের শারীরিক ও মানসিক সুস্থতার জন্য শিক্ষাপ্রতিষ্ঠানে বছরব্যাপী নিয়মিত খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ সহশিক্ষা কার্যক্রমের ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।